

মনোহরদীতে মাদ্রাসার অধ্যক্ষের বিরুদ্ধে প্রতারণার অভিযোগ

নরসিংদীর মনোহরদী থানার একটি সিনিয়র মাদ্রাসার অধ্যক্ষের বিরুদ্ধে একজন ছাত্রের সঙ্গে প্রতারণা ও তার বাড়িতে সশস্ত্র হামলার অভিযোগ পাওয়া গেছে। মনোহরদী বাসগাঁও সংলগ্ন মল্লাবাদ গ্রামের ফকির শিখির আহমেদ একই থানার দশদোনা সিনিয়র মাদ্রাসার নিয়মিত ছাত্র হিসেবে চলতি বছর আলিম পরীক্ষার জন্য ফরম পূরণ করে। কিন্তু পরীক্ষার সময় তাকে প্রবেশ পত্র সরবরাহ না করায় পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারেনি। উপরন্তু তার প্রবেশ পত্রে নাম কাটাকাটি করে অন্য একজন পরীক্ষার্থীকে উক্ত প্রবেশ পত্র সরবরাহ করা হয়। প্রতারণা টের পেয়ে দ্বিতীয় পরীক্ষার্থী পরীক্ষায় অংশ গ্রহণ থেকে বিরত থাকে। পরবর্তীতে অভিযুক্ত অধ্যক্ষ আঃ রহমান ফরাজী শিখির আহমেদের বাড়ি গিয়ে পিতা ফকির মাজহারুল ইসলামকে আত্মাহ বসুলের

দোহায় দিগে ঘটনা ফাঁস না করার সনুলে জানায়। পরে শিখির কর্তৃক অধ্যক্ষের বিরুদ্ধে কুৎসা রটাবার অভিযোগে অধ্যক্ষ আঃ রহমান ফরাজীর নির্দেশে গত ২২ আগস্ট রাতে ২০/২৫ জনের একটি সশস্ত্র দল শিখিরের বাড়িতে হামলা চালায়। শিখির ও তার মাকে বেধড়ক হারপিট করে। এ সময় অধ্যক্ষ বাসগাঁও মসজিদে মসজিদে ওয়াজ করছিলেন। হামলাকারিরা সন্ত্রাসী তাওব চালানোর পর তার কাছে ফিরে আসলে ওয়াজ বন্ধ রেখে "কেউ কোনো মালামাল ছিনতাই করিয়া থাকিলে তাহা ফিরাইয়া দাও" বলে মাইকে ঘোষণা দেয়। এ ব্যাপারে শিখিরের পিতা জেলা প্রশাসক নরসিংদী বরাবরে একটি লিখিত অভিযোগ পেশ করেছেন। উল্লেখ্য, ইতিপূর্বে আজকের কাগজে উক্ত অধ্যক্ষের বিভিন্ন জালিয়াতি সংক্রান্ত সংবাদ ছাপা হয়। মনোহরদী থেকে সাইদুর রহমান তসলিম